

# কালের কণ্ঠ

আপডেট : ১৩ মে, ২০১৮ ২৩:০৪

সভাপতির পদ নিয়ে দ্বন্দ্ব

মানিকগঞ্জে প্রধান শিক্ষক লাঞ্চিত, দপ্তরিকে মারধর

প্রতিবাদে শিক্ষকদের কর্মবিরতি

 মানিকগঞ্জ প্রধান শিক্ষক লাঞ্চিত, দপ্তরিকে মারধর

ম্যানেজিং কমিটির সভাপতি পদের নির্বাচন নিয়ে দ্বন্দ্বের জের ধরে ঘিওর উপজেলার শ্রীবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাছিমা খাতুন লাঞ্ছিত হয়েছেন। মারধর করা হয়েছে বিদ্যালয়ের দপ্তরি হাফিজুর রহমানকে। ঘটনাটি ঘটে গতকাল রবিবার। এর প্রতিবাদে বিদ্যালয়টির শিক্ষকরা কর্মবিরতি শুরু করেছেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, আগামী ১৫ মে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচন। ১০ মে ছিল মনোনয়নপত্র কেনার শেষ দিন। ওই দিন পর্যন্ত একমাত্র অভিভাবক সদস্য আবু বকর সিদ্দিকি মনোনয়নপত্র সংগ্রহ করেন। কিন্তু বিদ্যোৎসাহী সদস্য আবুল বাশার উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে অভিযোগ করেন, অভিভাবক সদস্য পদে নির্বাচন যথাযথ হয়নি। গতকাল বিদ্যালয়ে এসে অভিযোগ তদন্ত করার কথা ছিল ইউএনওর। এর আগেই বাশার ও তাঁর লোকজন বিদ্যালয়ে এসে প্রধান শিক্ষক নাছিমা খাতুনকে অকথ্য গালাগাল করেন। তাঁকে ধাক্কা দিয়ে মাটিতে ফেলেও দেন। তখন বাধা দিতে গেলে দপ্তরি হাফিজুর রহমানকে বেধড়ক মারধর করেন। প্রসঙ্গত, কমিটির সদস্যরা সভাপতি নির্বাচন করেন।

নাছিমা খাতুন বলেন, আবুল বাশারকে সভাপতি করে কমিটি গঠন করতে তিনি (বাশার) ও তাঁর লোকজন চাপ দিচ্ছিলেন। কিন্তু এতে নাছিমা রাজি হননি। তাই তাঁকে লাঞ্ছিত করা হয়েছে। নাছিমা আরো বলেন, আবুল বাশার, বরটিয়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সামসুল আলম রওশন, আব্দুল হাই, আব্দুল আজিজসহ ২৫-৩০ জন লোক এসে নাছিমাকে অকথ্য গালাগাল করেন এবং গায়ে হাত দেন। তাঁকে রক্ষায় এগিয়ে এলে দপ্তরি হাফিজুর রহমানকে পেটানো হয়। বিষয়টি তিনি ঘিওর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে জানালে পুলিশ আসে।

এ বিষয়ে কথা বলতে অভিযুক্ত আবুল বাশারকে পাওয়া যায়নি। তবে সামসুল আলম রওশন বলেন, প্রধান শিক্ষকের সঙ্গে কোনো ঘটনাই ঘটেনি। তবে বেয়াদবি করায় দপ্তরি হাফিজুরকে বকাঝকা করা হয়েছে।

ঘিওর উপজেলা সহকারী শিক্ষক সমিতির সভাপতি আবুল হোসেন জানান, এই ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষী ব্যক্তির সাজা না হলে তাঁরা উপজেলায় কঠোর কর্মসূচি দেবেন।

ঘিওর থানার ওসি রবিউল ইসলাম জানান, অভিযোগ পেলে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com